

উজান ময়দান ও বিলাই হাম পাড়ায় ম্যালেরিয়া স্ক্রিনিং ও স্বাস্থ্য শিবির



খোয়াই জেলার চম্পাহাওর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে গত ১৫ জুলাই উজান ময়দানে ম্যালেরিয়া সনাক্তকরণে এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে স্বাস্থ্যকর্মীরা মোট ৫৭ জন এলাকাবাসীকে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করেন। এরমধ্যে ৩৪ জনকে ম্যালেরিয়া সনাক্তকরণে রক্ত পরীক্ষা করা হয়। তাতে কারোরই রক্তে ম্যালেরিয়া প্যারাসাইট পাওয়া যায়নি। এছাড়াও স্বাস্থ্যকর্মীরা এই শিবিরে উপস্থিত চার জন গর্ভবতী মহিলার প্রাক প্রসবকালীন (এনএনসি) পরীক্ষা এবং ১৯ জনের ডায়াবেটিস সনাক্তকরণে ব্লাড সুগার (আরবিএস) পরীক্ষা করা হয়। তাতে দুই জনের মধ্যে ডায়াবেটিস পাওয়া যায় এবং সাত জনের উচ্চ রক্তচাপ (এইচটিএন) রোগী চিহ্নিত করা হয়। সকলকে প্রয়োজন অনুসারে স্বাস্থ্যকর্মীরা বিনামূল্যে ওষুধ প্রদান করেন, সেই সাথে ম্যালেরিয়া ও ডায়াবেটিস সংক্রমণের প্রাথমিক লক্ষণ, রোগ নির্ণয়, চিকিৎসা পদ্ধতি ও প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা করেন। এই স্বাস্থ্য শিবিরে ডাঃ কাজল ঘোষ, কমিউনিটি হেলথ অফিসার লালসাজি মলসম, ল্যাব টেকনিশিয়ান এলিমি দেববর্মা, মাল্টিপারপাস ওয়ার্কার সরোজ দেববর্মা, রাজেশ দেববর্মা, শৈলেন দেববর্মা, অভিজিৎ দেববর্মা এবং মাল্টি টাস্কিং স্টাফ রোনাল্ড দেববর্মা, মুন্না বর্মণ এলাকার আশাকর্মী সুমিলা দেববর্মা প্রমুখ অংশগ্রহণ করেন।

এদিকে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের অধীন চাকমারঘাট শিবির আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত বিলাই হাম পাড়ায় গত ১৬ জুলাই ম্যালেরিয়া সনাক্তকরণে এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এই স্বাস্থ্য শিবিরে এলাকাবাসীদের মধ্যে ম্যালেরিয়া প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা করা হয় এবং স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়। এই স্বাস্থ্য শিবিরে ম্যালেরিয়া স্ক্রিনিং এর পাশাপাশি অসংক্রামক রোগ ও গর্ভবতী মায়েদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। স্বাস্থ্যকর্মীরা এই শিবিরে মোট ৬০ জন এলাকাবাসীর স্বাস্থ্য পরীক্ষা করেন। এরমধ্যে ১৪ জনের জ্বরের উপসর্গ থাকায় সকলকে ম্যালেরিয়া র্যাপিড ডায়াগনস্টিক টেস্ট (আরডিটি) করা হয়। তাতে কারোরই রক্তে ম্যালেরিয়া প্যারাসাইট পাওয়া যায়নি। এছাড়াও এই স্বাস্থ্য শিবিরে ১৮ জনের অসংক্রামক রোগের স্ক্রিনিং করা হয়, তিন জনের ডায়ারিয়া এবং চার জনের অ্যাকিউট গ্যাস্ট্রোএন্টেরাইটিস-এ সমস্যার ওষুধ দেওয়া হয়। উক্ত স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের চিকিৎসক ডাঃ মৌমিতা রায়, কমিউনিটি হেলথ অফিসার বুমুর দাস চৌধুরী, মাল্টিপারপাস ওয়ার্কার শিশু ঋষি দাস, রাহুল গুপ্ত, সাধন সাহা, আশা ফেসিলিটের জুডিনপুই দেববর্মা, আশাকর্মী নৈশক্তি রিয়াং প্রমুখ। এই স্বাস্থ্য শিবিরে উপস্থিত এলাকাবাসীদের মধ্যে স্বাস্থ্যকর্মীরা ম্যালেরিয়া প্রতিরোধের বিষয়ে সচেতনতামূলক আলোচনার মাধ্যমে কি করতে হবে ও কি করা যাবে না সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।